গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এমপিও শাখা
এফ-৪/বি, আগারগাঁও,প্র/এ
শেরে বাংলা নগর,ঢাকা-১২০৫।
ওয়েব সাইট: www.techedu.gov.bd

**স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৫- ৪৪৭।** **তারিখঃ ০৬/০৯/২০২৬ খ্রিঃ**

**বিষয়: বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকদের স্বয়ংক্রিয় সফটওয়্যার (MPO-TTS) এর মাধ্যমে বদলী কার্যক্রম এর অংশ হিসেবে প্রতিষ্ঠানের শূন্য পদের তথ্য এন্ট্রিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষকদের স্বয়ংক্রিয় সফটওয়্যার এর মাধ্যমে বদলী কার্যক্রম এর অংশ হিসেবে প্রতিষ্ঠানের শূন্য পদের তথ্য (Vacant Post) MPO-TTS (https://mts.dte.gov.bd) সফটওয়্যারে এন্ট্রি করা প্রয়োজন।

উল্লেখ্য, বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রতিষ্ঠানের নিজস্ব ইমেইল এড্রেস (TEMIS এ প্রদত্ত) দিয়ে বদলী সফটওয়্যার এ লগইন করতে হবে। ডিফল্ট পাসওয়ার্ড: 12345678। প্রথমবার লগইন এর সময় আপনার ই-মেইলে প্রাপ্ত OTP এর মাধ্যমে ডিফল্ট পাসওয়ার্ড চেঞ্জ করে নিজস্ব পাসওয়ার্ড সেট করে নিতে হবে। প্রথমবার লগইন এর পরে অবশ্যই যার যার ব্যাক্তিগত তথ্য /প্রতিষ্ঠানের তথ্য ভালো ভাবে যাচাইপূর্বক প্রয়োজনীয় আপডেট সম্পন্ন করবেন। তথ্য আপডেট কেবলমাত্র প্রথম লগইনে সম্ভব হবে। একবার আপডেট করে কনফার্ম করার পরে পুনরায় আপডেট করার সুযোগ থাকবে না।

এমতাবস্থায়, অধিদপ্তরাধীন সকল বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সংযুক্ত ইউজার ম্যানুয়াল অনুযায়ী জরুরি ভিত্তিতে ০৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখ হতে ১২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ দুপুর ০২:০০ ঘটিকার মধ্যে MPO-TTS সফটওয়্যারে শূন্য পদের তথ্য ( Vacant Post) এন্ট্রি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বি. দ্র.**: MPO-TTS সফটওয়্যার সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য হোয়াটস অ্যাপ নম্বর: ০১৪০৯৯৭২৮০৮ চালু আছে। যেকোন সমস্যা জানিয়ে প্রয়োজনে হোয়াটস অ্যাপ নম্বরে মেসেজ প্রেরণ করতে পারবেন অথবা সফটওয়্যার এর complain সেকশনে গিয়ে সমস্যাটি জানাতে পারবেন।

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-
(মো: সাইফুল হক খান)
সহকারী পরিচালক-১১
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. অধ্যক্ষ (সকল বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান)।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৫- ৪৪৭(৫) তারিখঃ ০৬/০৯/২০২৬ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)
১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩. উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সংরক্ষণ নথি।

SHkhan
০৬/০৯/২৬
(মো: সাইফুল হক খান)
সহকারী পরিচালক-১১
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।